প্রশিক্ষণ সহায়িকা

নতুন অভিমুখ

বিষয় : ভূগোল

ষষ্ঠ-দশম শ্রেণি পর্যায়

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

সর্বশিক্ষা অভিযান বিভাগ

ডিরোজিও ভবন, বিধাননগর

কলকাতা-৭০০ ০৯১

প্রশিক্ষণ সহায়িকা

নতুন অভিমুখ

বিষয় : ভূগোল

ষষ্ঠ-দশম শ্রেণি পর্যায়

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

সর্বশিক্ষা অভিযান বিভাগ

ডিরোজিও ভবন, বিধাননগর

কলকাতা - ৭০০ ০৯১

প্রকাশ : অক্টোবর, ২০০৬

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

প্রকাশক :

শ্রী স্বপনকুমার সরকার
সচিব, পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্
৭৭/২, পার্ক স্ট্রিট
কলকাতা - ৭০০ ০১৬

মুদ্রাকর :

গণশক্তি প্রিন্টার্স প্রাইভেট লিমিটেড
৩৩, আলিমুদ্দিন স্ট্রিট
কলকাতা - ৭০০ ০১৬

নিবেদন

২০০৫ সাল থেকে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্ পুরানো পাঠ্যক্রম পরিবর্তন করে নতুন পাঠ্যক্রম চালু করেছে এবং আগামী ২০০৭ সালের মাধ্যমিক পরীক্ষার প্রশ্নপত্র (গণিত বাদে) এই পাঠ্যক্রমকে ভিত্তি করেই রচিত হবে। পাঠ্যক্রম পরিবর্তন বলতে শুধু পুরাতন কিছু রচনার বদলে নতুন কয়েকটি রচনার অন্তর্ভুক্তিকে বোঝায় না। এর সঙ্গে আরও অনেক বিষয় সম্পৃক্ত আছে।

প্রথমত, বিষয়বস্তু। অনেকদিনের পুরানো পাঠ্যক্রমের কোনো কোনো বিষয় এখন প্রাসঙ্গিকতা হারিয়েছে। অন্যদিকে নতুন নতুন আরও কিছু বিষয় সম্পর্কে অবহিত হওয়া জরুরি হয়ে পড়েছে।

দ্বিতীয়ত, শিখন-শেখানোর পদ্ধতি। সকলের জন্য শিক্ষা সুনিশ্চিত করার লক্ষ্যে পরিস্থিতির চাহিদা অনুযায়ী বহুমুখী সামাজিক বিন্যাস ও সামর্থ্যের সঙ্গে সামঞ্জস্য রেখে নিবিড় অংশগ্রহণমূলক শিখন-পদ্ধতির অনুসরণ একান্ত আবশ্যিক হয়ে উঠেছে। শিখন-শেখানোর এই ব্যতিহারী (reciprocal) পদ্ধতিতে শিক্ষক-শিক্ষিকারাই প্রকৃতপক্ষে নেতৃত্ব দিতে পারেন। এই কাজের জন্য তাঁদের ব্যাপক আত্মপ্রস্তুতি প্রয়োজন। পাঠ্যক্রমের পরিবর্তনের সঙ্গে এই বিষয়টি সমান জরুরি। সেই চাহিদা পূরণের জন্য মাধ্যমিকের সমস্ত আবশ্যিক বিষয়গুলির নির্দেশিকা প্রকাশিত হয়েছে। সেই নির্দেশিকা অনুযায়ী রাজ্যব্যাপী নিবিড় অভিমুখীকরণের কাজ চলেছে। প্রথম পর্যায়ে বাংলা, ইংরাজি ও গণিত নির্দেশিকা 'হাতবই' প্রকাশিত হয়েছিল। বর্তমানে ইতিহাস, ভূগোল, জীবনবিজ্ঞান ও ভৌতবিজ্ঞান বিষয়ে নির্দেশিকা প্রকাশিত হল।

আশা করি, আমাদের এই উদ্যোগ পরিস্থিতির চাহিদা পূরণে সক্ষম হবে। শিক্ষক-শিক্ষিকাদের সহায়তায়ই এটি সম্ভব হবে বলে পর্ষদ্ আশা রাখে।

সভাপতি
পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ্

ভূগোল

(ষষ্ঠ হইতে দশম শ্রেণি)

সূচিপত্র

		পৃষ্ঠা
১।	ভূগোল পঠন পাঠনের উদ্দেশ্য	৭-৮
২।	পর্বভিত্তিক বার্ষিক পাঠ পরিকল্পনার নমুনা (ষষ্ঠ শ্রেণি)	৯-১৪
৩।	সামর্থ্যভিত্তিক পাঠক-একক বিশ্লেষণ (ষষ্ঠ শ্রেণি)	১৫-১৬, ২০, ২৪
৪।	প্রশ্নাবলী (ষষ্ঠ শ্রেণি)	১৭, ২১, ২৫
৫।	একক মূল্যায়ন পত্রের খসড়া পরিকল্পনা ও ত্রৈমাসিক মূল্যায়ন পত্রের ব্লুপ্রিন্ট (ষষ্ঠ শ্রেণি)	১৮, ১৯, ২২, ২৬, ২৭
৬।	পর্বভিত্তিক বার্ষিক পাঠ পরিকল্পনার নমুনা (সপ্তম শ্রেণি)	২৮-৩২
৭।	সামর্থ্যভিত্তিক পাঠক-একক বিশ্লেষণ (সপ্তম শ্রেণি)	৩৩, ৩৬, ৪০
৮।	প্রশ্নপত্র (সপ্তম শ্রেণি)	৩৪, ৩৭, ৪১
৯।	একক মূল্যায়ন পত্রের খসড়া পরিকল্পনা ও একক মূল্যায়ন পত্রের ত্রৈমাসিক ব্লুপ্রিন্ট (সপ্তম শ্রেণি)	৩৫, ৩৮, ৩৯, ৪২
১০।	পর্বভিত্তিক বার্ষিক পাঠ পরিকল্পনার নমুনা (অষ্টম শ্রেণি)	৪৩-৪৭
১১।	সামর্থ্যভিত্তিক পাঠক-একক বিশ্লেষণ (অষ্টম শ্রেণি)	৪৮-৫০, ৫৩-৫৫, ৫৮-৫৯, ৬২-৬৪
১২।	একক মূল্যায়ন পত্র (অষ্টম শ্রেণি)	৫২, ৫৭, ৬১, ৬৬
১৩।	একক মূল্যায়ন পত্রের খসড়া পরিকল্পনা ও একক মূল্যায়ন পত্রের ত্রৈমাসিক ব্লুপ্রিন্ট (অষ্টম শ্রেণি)	৫১, ৫৬, ৬০, ৬৫
১৪।	পর্বভিত্তিক বার্ষিক পাঠ পরিকল্পনার নমুনা (নবম শ্রেণি)	৬৭-৭২
১৫।	সামর্থ্যভিত্তিক পাঠক-একক বিশ্লেষণ (নবম শ্রেণি)	৭৩-৭৬, ৭৯-৮০, ৮৪-৮৫
১৬।	একক অভিজ্ঞাপত্র ও একটি মূল্যায়ন পত্রের নমুনা (নবম শ্রেণি)	৭৭, ৮১, ৮৭
১৭।	একক মূল্যায়ন পত্রের খসড়া পরিকল্পনা ও একক মূল্যায়ন পত্রের ত্রৈমাসিক ব্লুপ্রিন্ট (নবম শ্রেণি)	৭৮, ৮২, ৮৩, ৮৬, ৮৭
১৮।	পর্বভিত্তিক বার্ষিক পাঠ পরিকল্পনার নমুনা (দশম শ্রেণি)	৮৮-৯১
১৯।	সামর্থ্যভিত্তিক পাঠক-একক বিশ্লেষণ (দশম শ্রেণি)	৯২, ৯৬-১০১, ১০৪-১০৬
২০।	একক অভিজ্ঞাপত্র (দশম শ্রেণি)	৯৩, ১০২,১০৭
২১।	একক মূল্যায়ন পত্রের খসড়া পরিকল্পনা ও একক মূল্যায়ন পত্রের ত্রৈমাসিক ব্লুপ্রিন্ট (দশম শ্রেণি)	৯৪, ৯৫, ১০৩, ১০৮

ভূগোল পঠন পাঠনের উদ্দেশ্য

"ভূগোল" — কথাটির মধ্যে দুটি শব্দের বৈজ্ঞানিক বিন্যাস লক্ষ করা যায়। 'ভূ' — অর্থাৎ মাটি, যা পৃথিবী পৃষ্ঠের সর্বাপেক্ষা নরম আস্তরণ। আর 'গোল' শব্দটির অর্থ হল কোনো রেখা বিশেষ কেন্দ্রীয় উৎস থেকে নির্দিষ্ট সম্পর্কযুক্ত হয়ে সনির্বন্ধভাবে চারদিকে সমদূরত্বে পরিক্রমণের ফলে যে রূপ ক্ষেত্রের সৃষ্টি করে তাহাই গোলীয় রূপ। অর্থাৎ পৃথিবী কেন্দ্র থেকে ভূপৃষ্ঠের উপর পর্যন্ত অবস্থিত সমস্ত বিষয়গুলির বিজ্ঞানসম্মত ও পরস্পর সম্বন্ধযুক্ত বিন্যাসের বৃত্তান্তই হল ভূগোল বিষয়ের পাঠ্যরূপ।

আমরা যে ভূ-খন্ডে বাস করি সেখানকার পারিপার্শ্বিক ভূমিরূপ, মাটির প্রকারভেদ, জলবায়ু, উষ্ণতার তারতম্য এবং স্বাভাবিক উদ্ভিদ প্রভৃতির সংমিশ্রণে তৈরি হয় প্রাকৃতিক পরিবেশ। এরূপ বিভিন্ন বিষয়গুলি নিয়ে আসে মানুষের জীবনযাত্রার প্রকারভেদ। তাদের অর্থনৈতিক কাজকর্ম, রাজনৈতিক সচেতনতা প্রভৃতির মধ্যে আনে বৈচিত্র্য। স্বাভাবিকভাবে আমাদের কিশোরমতী ছেলেমেয়েদের বিশেষ করে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির ছাত্রছাত্রীদের মনে জাগে বহুবিধ প্রশ্ন। তাদের জানার ইচ্ছা হয় প্রবল থেকে প্রবলতর।

ছাত্রছাত্রীদের কাছে অপার বিস্ময় এই মহাকাশ। তাই ষষ্ঠ শ্রেণিতে শিক্ষার্থীকে জানানো হচ্ছে মহাবিশ্বে কোনো কিছুই স্থির অবস্থায় নেই। সবই পরিবর্তনশীল। পৃথিবী নানা পরিবর্তনের মধ্য দিয়ে উন্নতির দিকে যাচ্ছে। উন্নয়নশীল পৃথিবীকে জানতে ভূগোল পাঠের ধারাবাহিকতা বজায় রাখা দরকার।

মানুষের দৈনন্দিন কর্মধারার উপর পরিবর্তনশীল পরিবেশের প্রভাব রয়েছে। সভ্যতা ও সংস্কৃতির উন্নতির সঙ্গে সঙ্গে গুহাবাসী মানুষ আজ গ্রহান্তরের যাত্রী। ষষ্ঠ শ্রেণির পাঠ্যসূচিতে-কিভাবে দিনের আলো, রাতের অন্ধকার, উষ্ণতা, বৃষ্টিপাত, বৃষ্টিহীনতা, বিভিন্ন প্রকার ভূমিরূপ (পর্বত, মালভূমি, সমভূমি) জলভাগ ও স্থলভাগের বন্টন মানুষের কর্মধারাকে নিয়ন্ত্রণ করছে তা জানাতে ও বোঝাতে এসবের অবতারণা। প্রাকৃতিক পরিবেশের এই বিষয়গুলি আমরা যে রাজ্যে আছি সেখানে কোথায় কীভাবে উপস্থিত তা জানতে পশ্চিমবঙ্গ রাজ্যের ষষ্ঠ শ্রেণির ভূগোল পাঠ্যসূচির অন্তর্ভুক্ত করা হয়েছে।

প্রকৃতির বিভিন্ন উপাদানের মধ্যে পারস্পরিক সম্পর্ক এবং মানুষের সঙ্গে প্রকৃতির সম্পর্ক — এই দুটি বিষয় ভূগোলের প্রধান উপজীব্য। ঋতু পরিবর্তন, কোনো স্থানের সঠিক অবস্থান, বহমান জলধারার মাধ্যমে উপত্যকার পরিবর্তন-পরিবর্ধন, বায়ুমন্ডলের তাপমাত্রা, বৃষ্টিপাত এবং এদের সঙ্গে মানুষের জীবনের সম্পর্ক সম্পর্কে সম্যক ধারণা সৃষ্টি করতে সপ্তম শ্রেণিতে আফ্রিকা ও তার দুটি বিশেষ ভৌগোলিক অঞ্চল, দক্ষিণ আমেরিকা ও তার দুটি বিশেষ ভৌগোলিক অঞ্চল পাঠ্যসূচিতে স্থান পেয়েছে।

ঐতিহাসিক হেরোডোটাসের মন্তব্য "Egypt is the gift of the Nile" কতটা সত্য - তা এবং অন্ধকারাচ্ছন্ন মহাদেশ এখন প্রগতির পথে — এসব জানতে ও জানাতে নীল নদের অববাহিকা এবং বৃষ্টিহীন, ঊষর সাহারা মরুভূমি, নিরক্ষীয় অরণ্যের আমাজন অববাহিকা এবং পম্পাস তৃণাঞ্চল পাঠ্যসূচিতে

স্থান করে নিয়েছে। এই বিশিষ্ট অঞ্চলগুলি প্রাকৃতিক বৈশিষ্ট্যে ও মানুষের কর্মধারার পার্থক্যের কারণে স্বাতন্ত্র্যের যে দাবি রাখে তা সপ্তম শ্রেণির ছাত্রছাত্রীদের জানানোই ভূগোল পাঠের উদ্দেশ্য।

না দেখা ভূ-অভ্যন্তর ভাগ, বিভিন্ন দিক থেকে বয়ে আসা বায়ু প্রবাহ, পৃথিবীজুড়ে বায়ুর ভিন্ন ভিন্ন চাপ এবং এ দুটির অঙ্গাঙ্গী সম্পর্ক, জলবায়ুর পার্থক্য মানুষের কর্মধারাতে ও জীবনযাপনে কীভাবে প্রভাব বিস্তার করে তা জানার উদ্দেশে এইরকম পাঠ্যসূচি প্রণয়ন করা হয়েছে। উন্নত দেশের কর্মধারার সঙ্গে পরিচিত হওয়ার জন্য ইউরোপ ও উত্তর আমেরিকা মহাদেশকে এবং তাদের বিশেষ ভৌগোলিক অঞ্চলগুলিকে অষ্টম শ্রেণির পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

পরিচিত স্থানীয় পরিবেশের গণ্ডি ছাড়িয়ে ভিন্ন প্রদেশের পরিবেশ-পরিস্থিতিকে জানা ও চেনার চেষ্টা, তারও পরে ক্রমান্বয়ে দেশের প্রান্ত ছাড়িয়ে অন্যান্য দেশের পরিবেশ এবং তাকেও অতিক্রম করে অন্য মহাদেশের পরিবেশ পরিস্থিতিকে জানতে চাওয়ার আগ্রহকে আরও বৃদ্ধি করার জন্য পাঠ্যসূচিতে দেশান্তরের, এমনকি গ্রহান্তরের খবরাখবরকে স্থান দেওয়া হচ্ছে।

পর্বভিত্তিক বাৎসরিক পাঠ পরিকল্পনা

বিষয় — ভূগোল

শ্রেণি — ষষ্ঠ

মোট পিরিয়ড — ৩৫

(প্রাকৃতিক — ১৮, আঞ্চলিক — ১৭)

প্রথম পর্ব ঃ মে মাস থেকে আগস্ট মাস

একক ও অধ্যায় নম্বর	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড	মন্তব্য
সূর্য ও সৌর পরিবারে গ্রহ সমূহ (১·১)	● জ্যোতিষ্কের শ্রেণিবিভাগ	১		
	● সৌরজগৎ	১		
	● সূর্য ও গ্রহদের বিবরণ	১		
	● সূর্যের সঙ্গো গ্রহদের অবস্থানগত সম্পর্ক	১		
	● চাঁদের বিবরণ	১		
	মূল্যায়ন	১		
	সংশোধনী পাঠ	১	৭	
মানুষের চন্দ্রে অবতরণ এবং চন্দ্র থেকে পৃথিবীর রূপ (১·২)	● চন্দ্র অভিযানের সূচনা ও চন্দ্রপৃষ্ঠে মানুষের অবতরণ।	১		
	● চন্দ্রে পরবর্তী অভিযান ও চন্দ্র থেকে দৃষ্ট পৃথিবীর আকৃতি।	১		
	● মহাকাশ অভিযানে ভারত।	১		
	মূল্যায়ন	১		
	সংশোধনী পাঠ	১	৫	

একক ও অধ্যায় নম্বর	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড	মন্তব্য
সূর্যের আপাতগতি ও পৃথিবীর আবর্তন	● সূর্যের আপাত দৈনিক গতি। ● পৃথিবীর আবর্তন ও দিনরাত্রি সংঘটন। ● পৃথিবীর আবর্তনের ফলাফল। ● দিনরাত্রির সংঘটনের পরীক্ষা। মূল্যায়ন ...... সংশোধনী পাঠ	১ ১ ১ ১ ১ ১	৬	
ভারতের একটি অঙ্গরাজ্য রূপে পশ্চিমবঙ্গ। (২·১·১)	● ভারতের রাজ্য হিসেবে পশ্চিমবঙ্গ। ● অন্যান্য রাজ্যের পরিপ্রেক্ষিতে ভারতে পশ্চিমবঙ্গের স্থান। মূল্যায়ন	১ ১ ১	৩	
পশ্চিমবঙ্গের প্রতিবেশী রাষ্ট্র ও রাজ্যসমূহ (২·১·২)	● পশ্চিমবঙ্গের সীমা ও অবস্থানগত গুরুত্ব ● পশ্চিমবঙ্গের প্রতিবেশী রাষ্ট্রসমূহ। ● পশ্চিমবঙ্গের প্রতিবেশী রাজ্যসমূহ। মূল্যায়ন ...... সংশোধনী পাঠ	১ ১ ১ ১ ১	৫	

একক ও অধ্যায় নম্বর	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড	মন্তব্য
পশ্চিমবঙ্গের ভূপ্রকৃতি (২·১·৩)	● উত্তর হিমালয়ের পার্বত্য অঞ্চল ও পশ্চিমের মালভূমি অঞ্চল। ● মধ্যভাগের সমভূমি অঞ্চল, দক্ষিণ ভাগের ব-দ্বীপ অঞ্চল, কাঁথির বালিয়াড়ি অঞ্চল।	১ ১	২	
পশ্চিমবঙ্গের নদনদী (২·১·৪)	● পার্বত্য অঞ্চলের নদনদী ও মালভূমি অঞ্চলের নদনদী। ● ভাগীরথীর পূর্বদিকের নদনদী ও দক্ষিণবঙ্গের নদনদী। মূল্যায়ন ...... সংশোধনী পাঠ	১ ১ ১ ১	৪	
পশ্চিমবঙ্গের জলবায়ু (২·১·৫)	● ঋতুর শ্রেণিবিভাগ। ● পশ্চিমবঙ্গে প্রবাহিত মৌসুমী বায়ুর বৈশিষ্ট্য ও পার্বত্য জলবায়ুর বৈশিষ্ট্য। মূল্যায়ন	১ ১ ১	৩	
			৩৫	

পর্বভিত্তিক বাৎসরিক পাঠ পরিকল্পনা

বিষয় — ভূগোল

শ্রেণি — ষষ্ঠ

মোট পিরিয়ড — ৩২

(প্রাকৃতিক — ১৮, আঞ্চলিক — ১৪)

দ্বিতীয় পর্ব ঃ সেপ্টেম্বর মাস থেকে ডিসেম্বর মাস

একক ও অধ্যায় নম্বর	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড	মন্তব্য
আবহাওয়া ও জলবায়ুর উপাদানসমূহ (১·৪)	● আবহাওয়া ও জলবায়ুর সংজ্ঞা।	১		
	● আবহাওয়া ও জলবায়ুর উপাদান।	১		
	● বায়ুর উষ্ণতা।	১		
	● বৃষ্টিপাত।	১		
	● থার্মোমিটার ও রেনগেজ সম্পর্কে ধারণা প্রদান।	১		
	মূল্যায়ন	১		
	সংশোধনী পাঠ	১	৭	
ভূপৃষ্ঠে স্থলভাগ ও জলভাগের বিস্তৃতি (১·৫)	● পৃথিবীর স্থলভাগ ও জলভাগের বন্টন।	১		
	● পৃথিবীর স্থলভাগ ও জলভাগের বৈশিষ্ট্য।	১		
	মূল্যায়ন	১	৩	
ভূমিরূপ, পাহাড়-পর্বত, মালভূমি এবং সমভূমি (১·৬)	● ভূমিরূপ বৈশিষ্ট্য ও শ্রেণিবিভাগ ও পাহাড়-পর্বত।	২		
	● মালভূমি।	২		
	● সমভূমি।	১		
	মূল্যায়ন	১		
	সংশোধনী পাঠ	১	৭	

একক ও অধ্যায় নম্বর	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড	মন্তব্য
পশ্চিমবঙ্গের মৃত্তিকা ও স্বাভাবিক উদ্ভিদ (২·১·৬)	● পশ্চিমবঙ্গের মাটির শ্রেণিবিভাগ। ● স্বাভাবিক উদ্ভিদ মূল্যায়ন। মূল্যায়ন	১ ১ ১	৩	
পশ্চিমবঙ্গের জনবসতি ও আদিবাসীদের উপজীবিকা (২·১·৭)	● জনসংখ্যার বন্টন ও জনসংখ্যার ঘনত্ব। ● জনসংখ্যার ঘনত্বের তারতম্যের কারণ। ● পশ্চিমবঙ্গের অধিবাসীদের উপজীবিকা। মূল্যায়ন ...... সংশোধনী পাঠ	১ ১ ১ ১ ১	৫	
পশ্চিমবঙ্গের ভৌগোলিক অঞ্চল (২·১·৮)	● পশ্চিমবঙ্গের পার্বত্য অঞ্চলের অবস্থান ও ভূপ্রকৃতি। ● নদনদী ও জলবায়ু। ● মৃত্তিকা ও স্বাভাবিক উদ্ভিদ **মানুষের জীবনযাত্রার ওপর প্রাকৃতিক পরিবেশের প্রভাব।** ● কৃষি, খনি, শিল্প ও যোগাযোগ ব্যবস্থা। জীবনযাত্রার প্রণালী — ● প্রধান শহর ও জীবনযাত্রা প্রণালী। মূল্যায়ন ...... সংশোধনী পাঠ	১ ১ ১ ১ ১ ১ ১	৭	
			৩২	

ভূগোল

পর্বভিত্তিক বাৎসরিক পাঠ পরিকল্পনা

বিষয় — ভূগোল

শ্রেণি — ষষ্ঠ

মোট পিরিয়ড — ১৮

আঞ্চলিক — ১৮

তৃতীয় পর্ব ঃ জানুয়ারি মাস থেকে এপ্রিল মাস

একক ও অধ্যায় নম্বর	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড	মন্তব্য
পশ্চিমবঙ্গের ভৌগোলিক অঞ্চলসমূহ (২·১·৮)	● পশ্চিমবঙ্গের মালভূমি অঞ্চলের অবস্থান ও ভূমিরূপ।	১		
	● নদনদী ও নদী উপত্যকা পরিকল্পনা।	১		
	● জলবায়ু।	১		
	● মৃত্তিকা ও স্বাভাবিক উদ্ভিদ।	১		
	● খনিজ শিল্প।	১		
	● জনবসতি।	১		
	● যোগাযোগ ব্যবস্থা ও প্রধান নগরাদি।	১		
	মূল্যায়ন ও সংশোধনী পাঠ ···	২	৯	
পশ্চিমবঙ্গের সমভূমি অঞ্চল (২·১·৮)	● তরাই অঞ্চল।	১		
	● উত্তরের সমভূমি অঞ্চল।	১		
	● রাঢ় অঞ্চল।	১		
	● গাঙ্গেয় ব-দ্বীপ অঞ্চল।	২		
	● সুন্দরবন অঞ্চল।	১		
	● উপকূলীয় বালুকাময় অঞ্চল।	১		
	মূল্যায়ন	১		
	সংশোধনী পাঠ	১	৯	
			১৮	

সামর্থ্য ভিত্তিক পাঠ-একক বিশ্লেষণ

পাঠ - একক　　　　　　　　　　পিরিয়ড - ৬

শ্রেণি — ষষ্ঠ

বিষয় — ভূগোল / বিষয় শাখা — প্রাকৃতিক / একক — সূর্যের আপাতগতি, পৃথিবীর আবর্তন ও দিনরাত্রি

উপএকক	পিরিয়ড সংখ্যা	পূর্বাজিত শিখন সামর্থ্য	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক
ক) সূর্যের আপাত গতি	৪	● দিক নির্ণয় সম্বন্ধে প্রাথমিক ধারণা ● সূর্যের উদয়-অস্ত ও দিনরাত্রির ধারণা।	● সূর্যের আপাত-গতি সম্বন্ধে ধারণা। ● সূর্যের আপাত-দৈনিক গতির ফলে দিনের বিভিন্ন সময়ে সূর্যের বিভিন্ন অবস্থা স্মরণ করতে পারবে। ● সূর্যকিরণের তীব্রতার সঙ্গো দিনের বিভিন্ন সময়ের পার্থক্য ও তারতম্যের বিষয়টি স্মরণ করতে পারবে।	● সূর্যের অবস্থান ও দিনের বিভিন্ন সময়ের মধ্যে সম্পর্ক নির্ণয় করতে পারবে। ● দিন ও রাত্রির কারণ ব্যাখ্যা করতে পারবে। ● দিনের বিভিন্ন অবস্থানে উষ্ণতার তারতম্য সম্বন্ধে সম্যক ধারণা জন্মাবে ও ব্যাখ্যা করতে পারবে। শীত ও গ্রীষ্মে দিনের পরিমাণ এক নয় বিষয়টি অনু-ধাবন করতে পারবে।	● ট্রেনে করে যাবার সময় দেখা যাবে ঘরবাড়ি গাছপালার চলমান হওয়ার কারণ বিশ্লেষণ করতে পারবে (আপাতগতি)। ● ছায়ার অবস্থান ও দৈর্ঘ্যের সঙ্গো সময়ের সম্পর্ক নিরূপণ করতে পারবে।	● সূর্যের আপাত-গতির ছবি অঙ্কনে সমর্থ হবে।

সামর্থ্য ভিত্তিক পাঠ-একক বিশ্লেষণ

পাঠ - একক　　　　　　　　পিরিয়ড - ৬

শ্রেণি — ষষ্ঠ

বিষয় — ভূগোল / বিষয় শাখা — প্রাকৃতিক / একক — সূর্যের আপাতগতি, পৃথিবীর আবর্তন ও দিনরাত্রি

উপএকক	পিরিয়ড সংখ্যা	পূর্বাজিত শিখন সামর্থ্য	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক
খ) পৃথিবীর আবর্তন গতি ও গ) আবর্তন গতির (দিনরাত্রি) ফলাফল।	২	পৃথিবী পৃষ্ঠে কাল্পনিক রেখা সম্বন্ধে ধারণা আছে।	● পৃথিবীর আবর্তন গতির সংজ্ঞা স্মরণ করতে পারবে।	● আবর্তন গতিকে আহ্নিক গতি বলার কারণ অনুমান করতে পারবে। ● পৃথিবীর আবর্তন গতিবেগের তারতম্য ব্যাখ্যা করতে পারবে।	● আবর্তন গতিবেগের ফলাফল বিশ্লেষণ করতে পারবে।	● দিন ও রাত্রির পরীক্ষা অঙ্কন করে বোঝাতে পারবে।

প্রশ্নাবলী

শ্রেণি — ষষ্ঠ

সূর্যের আপাতগতি / পৃথিবীর আবর্তনগতি ও দিন রাত্রি

মোট নম্বর — ২৫

১। বন্ধনীস্থ সঠিক উত্তরটি বেছে নিয়ে খাতায় লেখ — ৩×১=৩

i) পৃথিবী থেকে আমরা সূর্যকে ঘুরতে দেখি (পূর্ব থেকে পশ্চিমে/উত্তর থেকে দক্ষিণে/দক্ষিণ থেকে উত্তরে/পশ্চিম থেকে পূর্বে)

ii) "পৃথিবী সূর্যের চারদিকে আবর্তন করছে" — এই তত্ত্ব প্রথম জানান যে বৈজ্ঞানিক তাঁর নাম (কোপারনিকাশ/গ্যালিলিও/আর্যভট্ট/বরাহমিহির)

iii) সূর্য যে সময়ে পৃথিবীর ঠিক মাথার উপরে থাকে, সেই সময়কে বলে (দুপুর/রাত্রি/সন্ধ্যা/ভোর)

২। শূন্যস্থান পূরণ কর ঃ ৩×১=৩

অ) পৃথিবীর একদিকে যখন দিন, সেইসময় তার বিপরীত দিকে সূর্যকিরণের অভাবে ———— হয়ে থাকে।

আ) পৃথিবী পশ্চিম দিক থেকে ———— দিকে আবর্তন করে।

ই) পৃথিবীর আবর্তনের ফলে ——— গণনার সুবিধা হয়েছে।

৩। একটি সম্পূর্ণ বাক্যে উত্তর দাও ঃ ৫×১=৫

i) সূর্যের পূর্ব থেকে পশ্চিমে যাওয়ার গতিকে কি বলে ?

ii) পৃথিবী ও সূর্যের মধ্যে কাকে গতিশীল মনে হয় ?

iii) আবর্তন গতির আরেকটি নাম কি ?

iv) পৃথিবীর নিজ অক্ষরেখার উপর একবার আবর্তন করতে কত সময় লাগে ?

v) কিভাবে বোঝা যায় যে পৃথিবীর আবর্তন গতি আছে ?

৪। i) সূর্যের আপাত দৈনিক গতি বলতে কি বোঝ ? ৩

ii) দিন-রাত্রি কিভাবে সংঘটিত হচ্ছে ? ৩

iii) পৃথিবীর আবর্তন গতি ও সূর্যের দৈনিক আপাতগতির মধ্যে সম্পর্ক কি ? ৩

৫। পৃথিবীর আবর্তনের ফলাফলগুলি লেখ। ৪

৬। বৃত্তটির মধ্যে দিন, রাত্রি, সন্ধ্যা ও ভোর চিহ্নিত কর। ১

একক মূল্যায়ন পত্রের খসড়া পরিকল্পনা

শ্রেণি — ষষ্ঠ

বিষয় — ভূগোল/ একক — সূর্যের আপাতগতি, পৃথিবীর আবর্তন ও দিনরাত্রি

উপএকক অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	নম্বর	শতকরা হিসাব
ক) উপএকক সূর্যের আপাতগতি	৮	৩২%
খ) পৃথিবীর আবর্তন গতি ও দিনরাত্রি সংঘটন	১০	৪০%
গ) আবর্তন গতির ফলাফল	৭	২৮%
মোট	২৫	১০০%

সামর্থ্য অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোট
ক) উপএকক	৫	৩	—	—	৮
খ) উপএকক	৩	৩	৪	—	১০
গ) উপএকক	১	৪	১	১	৭
শতকরা	৩৬%	৪০%	২০%	৪%	২৫

প্রশ্নের ধরন অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	নৈঃ	অঃ সঃ উঃ	সঃ উঃ	রঃ ধঃ	মোট
ক) উপএকক	৩	২	৩	—	৮
খ) উপএকক	২	২	৬	—	১০
গ) উপএকক	১	২	—	৪	৭
মোট	৬	৬	৯	৪	২৫
শতকরা	২৪%	২৪%	৩৬%	১৬%	১০০%
সময়	৬ মিঃ	৫ মিঃ	৯ মিঃ	১২ মিঃ	৩২ মিঃ

মূল্যায়ন পত্রের ত্রৈমাসিক ব্লু-প্রিন্ট

উপএককের বিবরণ	জ্ঞানমূলক ৩৬%				বোধমূলক ৪০%				প্রয়োগমূলক ২০%				দক্ষতামূলক ০৪%				মোট নম্বর
	নৈ:	অ:স:উ:	স:উ:	র:ধ:	নৈ	অ:স:উ:	স:উ:	র:ধ:	নৈ	অ:স:উ:	স:উ:	র:ধ:	নৈ	অ:স:উ:	স:উ:	র:ধ:	
ক) উপএকক	৩ (৩)	২ (২)	—	—	—	—	৩ (১)	—	—	—	—	—	—	—	—	—	৮
খ) উপএকক	—	—	৩ (১)	—	২ (২)	১ (১)	—	—	—	১ (১)	৩ (১)	—	—	—	—	—	১০
গ) উপএকক	১ (১)	—	—	—	—	—	—	৪ (১)	—	১ (১)	—	—	—	১ (১)	—	—	৭
	৪	২	৩	—	২	১	৩	৪	—	২	৩	—	—	১			২৫

বিঃদ্রঃ — বন্ধনীর মধ্যকার সংখ্যা প্রশ্ন সংখ্যা বুঝবে

সামর্থ্য ভিত্তিক পাঠ-একক বিশ্লেষণ

শ্রেণি — ষষ্ঠ	পিরিয়ড — ৭

বিষয় — ভূগোল / বিষয় শাখা — প্রাকৃতিক / একক — বিভিন্ন প্রকার ভূমিরূপ

উপ-একক	পিরিয়ড সংখ্যা	পূর্বার্জিত শিখন সামর্থ্য	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক
ক) উপ-একক পাহাড়-পর্বত খ) উপ-একক নিচু ও উঁচু মালভূমি গ) উপ-একক সমভূমি	(৫+২) = ৭	পঞ্চম শ্রেণিতে ভারতের ভূ-প্রকৃতির বর্ণনার সঙ্গে পরিচয় আছে। প্রাথমিক বিভাগে উচু ও নিচুর ধারণা বিদ্যমান। বেশ কিছু পাহাড়/পর্বত/মালভূমি/সমভূমির নামের সঙ্গে পরিচিত।	● পর্বত ও পাহাড়ের সংজ্ঞা স্মরণ করতে পারবে। ● দেশ-বিদেশের বিভিন্ন পর্বত শ্রেণির নাম স্মরণ করতে হবে। ● মালভূমির সংজ্ঞা ও উদাহরণ স্মরণ করবে। ● পৃথিবীর মালভূমিগুলির নাম জানতে হবে। উচ্চ ও নিম্ন মালভূমির ধারণা থাকবে। (উদাহরণ স্মরণ করবে) ● সমভূমির সংজ্ঞা স্মরণ করতে পারবে। ● সমভূমির নাম শিখতে পারবে।	● পর্বত ও পাহাড়ের বৈশিষ্ট্য, পার্থক্য, ব্যাখ্যা করতে পারবে। দুটির মধ্যে তুলনা করবার বোধ জন্মাবে। ● মালভূমির বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবে। ● মালভূমি ও পাহাড়ের পার্থক্য করতে পারবে। ● সমভূমির বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবে।	আকার, উচ্চতা ও বৈশিষ্ট্য নির্ধারণ করে পাহাড় না পর্বত বিশ্লেষণ করতে পারবে। মালভূমিকে Tableland কেন বলা হয় তা বিশ্লেষণ করতে পারবে। উচ্চতা অনুযায়ী মালভূমিগুলি কোন্‌টি কোন্‌ শ্রেণির তা নির্ধারণ করতে পারবে। সমভূমি ও মালভূমির প্রাকৃতিক ও স্বাভাবিক সুবিধা ও অসুবিধা নির্ধারণ করতে শিখবে। মানবজীবনের সঙ্গে ভূমিরূপের সম্পর্ক বিশ্লেষণ করতে পারবে।	পর্বত, মালভূমি ও সমভূমির ছবি আঁকবে। ভারতের ও পৃথিবীর মান-চিত্রে পর্বতের ও মালভূমির অবস্থান নির্দেশ করতে পারবে।

প্রশ্নপত্র

শ্রেণি — ষষ্ঠ

মোট নম্বর — ২৫

১। বন্ধনীস্থ সঠিক উত্তরটির পাশে টিক (✓) চিহ্ন দাও ঃ — ১×৬=৬

(ক) যে মালভূমিকে পৃথিবীর ছাদ বলা হয় তার নাম (পামীর মালভূমি/তিব্বত মালভূমি/মালনাদ মালভূমি/মহারাষ্ট্র মালভূমি)।

(খ) বর্তমানে আরাবল্লী পর্বত যে ধরনের পর্বতের উদাহরণ তা হল (ভঙ্গিল/স্তূপ/ক্ষয়জাত/সঞ্চয়জাত)

(গ) সমভূমি অঞ্চলের জনবসতি (অতিবিরল/বিরল/সামান্য/ঘন)

(ঘ) পাহাড়গুলির উচ্চতা সমুদ্রপৃষ্ঠ থেকে সাধারণত যত মিটারের বেশি হয় না তা হল (১ মিটার/১০ মিটার/১০০০ মিটার/১০০০০ মিটার)।

(ঙ) টেবিলল্যান্ড যে ভূমিরূপের অপর নাম তা হল (পাহাড়/পর্বত/সমভূমি/মালভূমি)।

(চ) সমভূমি অঞ্চলের ভূমির ঢাল (খুবই কম/বেশি/খুবই বেশি/তরঙ্গায়িত)।

২। দু-এক কথায় উত্তর দাও ঃ ১×৫=৫

(ক) মহারাষ্ট্র মালভূমি কিসের দ্বারা গঠিত ?

(খ) বিশ্বের বৃহত্তম সমভূমি কোনটি ?

(গ) পশ্চিমবঙ্গের পশ্চিম দিকে কোন্ ধরনের সমভূমি দেখা যায় ?

(ঘ) স্তূপ পর্বতের পাশে নিচে বসে-যাওয়া অংশকে কি বলে ?

(ঙ) মালনাদ মালভূমি কোন্ ধরনের মালভূমির উদাহরণ ?

৩। দু-একটি সম্পূর্ণ বাক্যে উত্তর দাও ঃ ৩×৩=৯

(ক) মালভূমিকে কেন শিখরহীন পর্বতবিশেষ বলা হয় ?

(খ) স্তূপ পর্বত বলতে কী বোঝ ?

(গ) সমভূমির সৃষ্টি হয় কীভাবে ?

৪। মানবজীবনে সমভূমির প্রভাব আলোচনা কর। ৪

৫। একটি সঞ্চয়জাত পর্বতের ছবি আঁক। ১

একক মূল্যায়ন পত্রের খসড়া পরিকল্পনা

শ্রেণি — ষষ্ঠ

বিষয় — ভূগোল/ একক-ভূমিরূপসমূহ

উপএকক বিষয়বস্তু অনুসারে নম্বর বিভাজন

ক্রমিক নম্বর	উপএককের বিবরণ	নম্বর	শতকরা হিসাব
১	পর্বত	৭	২৮
২	মালভূমি	৭	২৮
৩	সমভূমি	১১	৪৪
মোট		২৫	১০০

সামর্থ্য ভিত্তিক নম্বর বিভাজন

উপএককের ক্রমিক সংখ্যা	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোট
১	৩	৩	—	১	৭
২	২	১	৪	—	৭
৩	১	৭	৩	—	১১
মোট	৬	১১	৭	১	২৫
শতকরা	(২৪%)	(৪৪%)	(২৮%)	(৪%)	(১০০%)

প্রশ্নের ধরন অনুসারে নম্বর বিভাজন

উপএককের ক্রমিক সংখ্যা	নৈর্ব্যক্তিক	অঃ সঃ উত্তরধর্মী	সঃ উঃ উত্তরধর্মী	রঃধঃ উত্তরধর্মী	মোট
১	২	২	৩	—	৭
২	২	২	৩	—	৭
৩	২	২	৩	৪	১১
মোট	৬	৬	৯	৪	২৫
শতকরা	(২৪%)	(২৪%)	(৩৬%)	(১৬%)	(১০০%)

একক মূল্যায়ন পত্রের ত্রৈমাত্রিক ব্লু-প্রিন্ট

ক্রমিক সংখ্যা	উপএককের বিবরণ	জ্ঞানমূলক ২৪%				বোধমূলক ৪৪%				প্রয়োগমূলক ২৮%				দক্ষতামূলক ০৪%				মোট
		নৈঃ	অঃসঃ উঃ	সঃউঃ	রঃধঃ	নৈ	অঃসঃ উঃ	সঃউঃ	রঃধঃ	নৈ	অঃসঃ উঃ	সঃউঃ	রঃধঃ	নৈ	অঃসঃ উ	সঃউঃ	রঃধঃ	
১	পর্বত	২ (২)	১ (১)	—	—	—	—	৩ (১)	—	—	—	—	—	—	১ (১)	—	—	৭ (৫)
২	মালভূমি	১ (১)	১ (১)	—	—	—	১ (১)	—	—	১ (১)	—	৩ (১)	—	—	—	—	—	৭ (৫)
৩	সমভূমি	—	১ (১)	—	—	২ (২)	১ (১)	—	৪ (১)	—	—	৩ (১)	—	—	—	—	—	১১ (৬)
মোট		৩ (৩)	৩ (৩)	—	—	২ (২)	২ (২)	৩ (১)	৪ (১)	১ (১)	—	৬ (২)	—	—	১ (১)	—	—	২৫ (১৬)

সামর্থ্য ভিত্তিক পাঠ-একক বিশ্লেষণ

শ্রেণি — ষষ্ঠ পিরিয়ড — ২

বিষয় — ভূগোল / বিষয় শাখা — রাজনৈতিক / একক — পশ্চিমবঙ্গের ভূ-প্রকৃতি

উপএকক	পিরিয়ড সংখ্যা	পূর্বার্জিত শিখন সামর্থ্য	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক
পশ্চিমবঙ্গের ভূ-প্রকৃতিগত শ্রেণিবিভাগ (ক) উপএকক : উত্তরের পার্বত্য অঞ্চল ও পশ্চিমের মালভূমি (খ) উপএকক : উত্তর, মধ্য ও দক্ষিণের সমভূমি। (গ) উপএকক : গঙ্গার ব-দ্বীপ	২	প্রাথমিক বিভাগে পাহাড়, পর্বত সমভূমি, মালভূমি সম্বন্ধে একটা ধারণা গড়ে উঠেছে। **পঞ্চম শ্রেণিতে** ভারতের ভূ-প্রকৃতির শ্রেণি-বিভাগ পড়েছ। সমগ্র ভারতের ভূ-প্রকৃতি সম্বন্ধে ধারণা আছে।	● পশ্চিমবঙ্গের ভূ-প্রকৃতিগত শ্রেণিবিভাগ স্মরণ করতে পারবে। ● প্রতিটি ভাগের ক্ষেত্রে ভূমি-রূপের সংজ্ঞা-গুলি স্মরণ করতে পারবে।	● ভূ-প্রকৃতিগত ভাগগুলির মধ্যে পার্থক্য নিরূপণ করতে পারবে। (উচ্চতা ও অন্যান্য বৈশিষ্ট্য সহযোগে) ● ভাগগুলির মধ্যে বৈচিত্র্যের কারণ সমাধান করতে পারবে। ● একই অঞ্চলের মধ্যে সাদৃশ্য ব্যাখ্যা করতে পারবে।	● পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানের ভূ-প্রকৃতির বিভিন্নতা নিরূপণ করতে পারবে।	● পশ্চিমবঙ্গের মানচিত্রে ভূ-প্রাকৃতিক বিভাগগুলির নির্দেশ করতে পারবে, (অঙ্কনের মাধ্যমে)।

প্রশ্নপত্র

শ্রেণি — ষষ্ঠ

মোট নম্বর — ২৫

পশ্চিমবঙ্গের ভূ-প্রাকৃতিক শ্রেণিবিভাগ

১। বন্ধনীস্থ সঠিক উত্তরটি বেছে নাও — ৩×১=৩

i) পশ্চিমবঙ্গের সর্বোচ্চ শৃঙ্গ (সন্দকফু / সবরগ্রাম/ ফালুট/ টাংলু)

ii) অযোধ্যা পাহাড়ের সর্বোচ্চ শৃঙ্গের নাম (গোর্গাবুরু/ বিহারীনাথ/ শুশুনিয়া/ পাঞ্চেৎ)

iii) পশ্চিমবঙ্গ ও নেপাল সীমান্তে অবস্থিত শৈলশিরাটির নাম (সিঙ্গালিলা/ ঘুম/ লেবং/ তাকদহপেশক)

২। শূন্যস্থান পূরণ কর ঃ ৩×১=৩

অ) গঙ্গার দক্ষিণদিকে লালমাটি অধ্যুষিত অঞ্চল ———— সমভূমি নামে পরিচিত।

আ) উত্তরের পার্বত্য অঞ্চলের দক্ষিণের নিম্নভূমি ———— নামে পরিচিত।

ই) কাঁথির কাছাকাছি সারিবন্ধ বালিয়াড়িগুলি ———— বালিয়াড়ি নামে পরিচিত।

৩। একটি সম্পূর্ণ বাক্যে উত্তর দাও ঃ ৪×১=৪

ক) ভাগীরথী-হুগলী নদীর পূর্বদিকের নতুন পলিগঠিত অঞ্চল কি নামে পরিচিত ?

খ) সুন্দরবন পশ্চিমবঙ্গের কোন্ অঞ্চলে দেখা যায় ?

গ) ব-দ্বীপ অঞ্চলের আয়তন কেন বৃদ্ধি পাচ্ছে ?

ঘ) মৃতপ্রায়-বদ্বীপ কোন্ অঞ্চলকে বলে ?

৪। সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ৩×৩=৯

i) উত্তরবঙ্গের সমভূমি অঞ্চলের ভাগগুলির নাম লেখ।

ii) পশ্চিমবঙ্গের পশ্চিমের মালভূমি অঞ্চল কেন সমপ্রায়ভূমিতে পরিণত হয়েছে ?

iii) পশ্চিমবঙ্গের উপকূলের বালিয়াড়ি অঞ্চল কিভাবে গঠিত হয়েছে ?

৫। দক্ষিণবঙ্গের সমভূমি ও উত্তরবঙ্গের সমভূমির ভূ-বৈচিত্র্যের পার্থক্য লেখ। ৪

৬। গাঙ্গেয় ব-দ্বীপ অঞ্চলের মানচিত্র অঙ্কন কর। ২

একক মূল্যায়ন পত্রের খসড়া পরিকল্পনা

শ্রেণি — ষষ্ঠ

বিষয় — ভূগোল/ একক — পশ্চিমবঙ্গের ভূমিরূপ নম্বর ২৫

উপএকক হিসেবে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	নম্বর	শতকরা হিসাব
ক) উপএকক পশ্চিমবঙ্গের উত্তরের পার্বত্যঅঞ্চল ও পশ্চিমের মালভূমি	৮	৩২%
খ) উত্তর/মধ্য/দক্ষিণের সমভূমি	১০	৪০%
গ) গঙ্গার ব-দ্বীপ অঞ্চল	৭	২৮%
মোট	২৫	১০০%

সামর্থ্য অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোট
ক) উপএকক	৫	৩	—	—	৮
খ) উপএকক	৩	৩	৪	—	১০
গ) উপএকক	১	৪	—	২	৭
মোট	৯	১০	৪	২	২৫
শতকরা	৩৬%	৪০%	১৬%	৮%	১০০%

প্রশ্নের ধরন অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	নৈর্ব্যক্তিক	অঃ সঃ উত্তরধর্মী	সঃ উঃ উত্তরধর্মী	রঃ ধঃ উত্তরধর্মী	মোট
ক) উপএকক	৩	২	৩	—	৮
খ) উপএকক	২	২	৬	—	১০
গ) উপএকক	১	২	—	৪	৭
মোট	৬	৬	৯	৪	২৫
শতকরা	২৪%	২৪%	৩৬%	১৬%	১০০%

মূল্যায়ন পত্রের ত্রৈমাসিক ব্লু-প্রিন্ট

উপএককের বিবরণ	জ্ঞানমূলক ৩৬%				বোধমূলক ৪০%				প্রয়োগমূলক ১৬%				দক্ষতামূলক ৮%				মোট ১০০%
	নৈ:	অ:স: উ:	স:উ:	র:ধ:	নৈ	অ:স: উ:	স:উ:	র:ধ:	নৈ	অ:স: উ:	স:উ:	র:ধ:	নৈ	অ:স: উ	স:উ:	র:ধ:	
(ক) উপএকক	৩ (৩)	২ (১)	—	—	—	—	৩ (১)	—	—	—	—	—	—	—	—	—	৮
(খ) উপএকক	—	—	৩ (১)	—	২ (১)	১ (১)	—	—	—	—	৩ (১)	—	—	—	—	—	৯
(গ) উপএকক	১ (১)	—	—	—	—	—	—	৪ (১)	—	১ (১)	—	—	—	২ (১)	—	—	৮
মোট	৪	২	৩	—	২	১	৩	৪	—	১	৩	—	—	২	—	—	২৫

পর্বভিত্তিক বাৎসরিক পরিকল্পনা

বিষয় — ভূগোল

শ্রেণি — সপ্তম

মোট পিরিয়ড — ৩৫

(প্রাকৃতিক — ১৩, রাজনৈতিক — ২২)

প্রথম পর্ব ঃ মে মাস থেকে আগস্ট মাস

একক ও অনুচ্ছেদ	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড	মন্তব্য
পৃথিবীর পরিক্রমণ ও ঋতু পরিবর্তন (১.১)	আহ্নিকগতি ও বার্ষিকগতি ···	১		
	ঋতু পরিবর্তনের কারণ ও ঋতুচক্র, অধিবর্ষ, অপসূর, অনুসূর।	২		
	মূল্যায়ন	১	৪	
ভূপৃষ্ঠে কোনো স্থানের অবস্থান নির্ণয়। (১.২)	অক্ষাংশ, অক্ষরেখা ও সমাক্ষরেখা। গুরুত্বপূর্ণ অক্ষরেখাসমূহ অক্ষরেখার কয়েকটি সাধারণ বৈশিষ্ট্য, অক্ষরেখার প্রয়োজনীয়তা।	৩		
	দ্রাঘিমা ও দ্রাঘিমারেখা বা মধ্যরেখা। দ্রাঘিমারেখার কয়েকটি সাধারণ বৈশিষ্ট্য। দ্রাঘিমার প্রয়োজনীয়তা। কোনো স্থানের সঠিক অবস্থান নির্ণয়ে দ্রাঘিমা ও অক্ষরেখার ভূমিকা। সমাক্ষরেখা ও মধ্যরেখার মধ্যে পার্থক্য ও গুরুত্ব।	৩		
	উপকরণ তৈরী।	১		
	মূল্যায়ন	১		
	সংশোধনী পাঠ	১	৯	

প্রথম পর্ব ঃ মে মাস থেকে আগস্ট মাস

একক ও অনুচ্ছেদ	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড	মন্তব্য
আফ্রিকা মহাদেশ (২.১.১)	আফ্রিকার অবস্থান, আয়তন ও সীমা। আফ্রিকার ভৌগোলিক গুরুত্ব। পৃথিবীর রেখা মানচিত্রে আফ্রিকার অবস্থান ও সীমাকে নির্দেশ করা।	২ ১	৩	
আফ্রিকার প্রাকৃতিক বৈশিষ্ট্যসমূহ (২.১.২)	আফ্রিকার ভূ-প্রকৃতি। আফ্রিকার নদ-নদী ও হ্রদ। আফ্রিকার জলবায়ু, আফ্রিকার স্বাভাবিক উদ্ভিদ। প্রতিটি বিষয়ের জন্য ছাত্রছাত্রীকে মানচিত্র অঙ্কন করে বিষয়বস্তু নির্দেশ করতে শিখতে হবে। মূল্যায়ন (২টি ভাগে) .... সংশোধনী পাঠ	৪ ৪ ৩ ৩ ২ ২ ১	১৯	

প্রথম পর্বের সমাপ্তি

পর্বভিত্তিক বাৎসরিক পরিকল্পনা

বিষয় — ভূগোল

শ্রেণি — সপ্তম

মোট পিরিয়ড — ৩৩

(প্রাকৃতিক — ১১, রাজনৈতিক — ২২)

দ্বিতীয় পর্ব ঃ সেপ্টেম্বর মাস থেকে ডিসেম্বর মাস

অধ্যায় ও অনুচ্ছেদ	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড	মন্তব্য
নদী উপত্যকার ক্রমবিকাশ ও ব-দ্বীপ গঠন (১.৩)	নদী সম্পর্কিত পরিভাষার আলোচনা ও আদর্শ নদীর সংজ্ঞার ব্যাখ্যা। নদীর কাজ করার পদ্ধতি ও ক্ষমতা।	১		
	নদী উপত্যকার ক্রমবিকাশ (উচ্চ, মধ্য, নিম্ন) এবং ভূমিরূপগুলির ব্যাখ্যা।	৩		
	ব-দ্বীপ, ব-দ্বীপ গড়ে ওঠার কারণ। ব-দ্বীপের শ্রেণিবিভাগ।	১		
	উপকরণ তৈরী করতে শেখা বিশেষ করে নদী উপত্যকার গঠন ও অশ্বক্ষুরাকৃতি হ্রদ।	১		
	মূল্যায়ন	১		
	সংশোধনী পাঠ	১	৮	

দ্বিতীয় পর্ব ঃ সেপ্টেম্বর মাস থেকে ডিসেম্বর মাস

অধ্যায় ও অনুচ্ছেদ	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড	মন্তব্য
অক্ষাংশ ও উচ্চতার পার্থক্য জনিত কারণে বায়ুর উষ্ণতার তারতম্য। (১.৪)	বায়ুর উষ্ণতার সঙ্গো অক্ষাংশের সম্পর্ক। উচ্চতার সঙ্গো বায়ুর উষ্ণতার সম্পর্ক। মূল্যায়ন …………	১ ১ ১	৩	
আফ্রিকার দুটি বিশিষ্ট ভৌগোলিক অঞ্চল। (২.১.৩)	**নীলনদ অববাহিকার** — প্রাকৃতিক অবস্থা, জলবায়ু, স্বাভাবিক উদ্ভিদ, জলসেচ ও বহুমুখী পরিকল্পনা, কৃষিকাজ, পশুপালন, পরিবহন, শিল্প, অধিবাসী, প্রধান শহর, বন্দর, শিল্পকেন্দ্র অন্যান্য শহর ও বন্দর। **সাহারা** — অবস্থান ও আয়তন। ভূ-প্রকৃতি, জলবায়ু, স্বাভাবিক উদ্ভিদ, কৃষিদ্রব্য, খনিজসম্পদ, পরিবহন, অধিবাসী ও শহর। আফ্রিকার মানচিত্রে দুটি অঞ্চলকে বসাতে শেখানো। মূল্যায়ন ………… সংশোধনী পাঠ …………	২ ২ ১ ১ ১	৭	
দক্ষিণ আমেরিকা (২.২.১)	দক্ষিণ আমেরিকার অবস্থান, সীমা ও ভৌগোলিক গুরুত্ব।	২	২	
দক্ষিণ আমেরিকার প্রাকৃতিক বৈশিষ্ট্য সমূহ — (২.২.২)	দক্ষিণ আমেরিকার ভূ-প্রকৃতি। দক্ষিণ আমেরিকার নদনদী ও হ্রদ। দক্ষিণ আমেরিকার মানচিত্র অঙ্কন ও তাতে বিষয়বস্তু নির্দেশ করা। মূল্যায়ন ………… সংশোধনী পাঠ …………	৩ ৩ ২ ১ ১	১০	

দ্বিতীয় পর্বের সমাপ্তি

পর্বভিত্তিক বাৎসরিক পরিকল্পনা

বিষয় — ভূগোল

শ্রেণি — সপ্তম

মোট পিরিয়ড — ২০

(প্রাকৃতিক — ৫, রাজনৈতিক — ১৫)

তৃতীয় পর্ব ঃ জানুয়ারি মাস থেকে এপ্রিল মাস

অধ্যায় ও অনুচ্ছেদ	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড	মন্তব্য
বৃষ্টিপাতের কারণ ও শ্রেণিবিভাগ	বৃষ্টিপাতের কারণ ও শ্রেণিবিভাগ (চিত্রসহ)।	৩		
	মূল্যায়ন	১		
	সংশোধনী পাঠ	১	৫	
দক্ষিণ আমেরিকা মহাদেশ (২.২.২)	দক্ষিণ আমেরিকার জলবায়ু ও জলবায়ু অঞ্চল।	৩		
	দক্ষিণ আমেরিকার স্বাভাবিক উদ্ভিদ।	৩		
	দক্ষিণ আমেরিকার মানচিত্রে বিষয়বস্তুগুলিকে নির্দেশ করা।	১		
	মূল্যায়ন	১		
	সংশোধনী পাঠ	১	৯	
দক্ষিণ আমেরিকার দুটি বিশিষ্ট ভৌগোলিক অঞ্চল (২.২.৩)	আমাজন অববাহিকা।	২		
	পম্পাস অঞ্চল।	২		
	মূল্যায়ন	১		
	সংশোধনী পাঠ	১	৬	

তৃতীয় পর্বের সমাপ্তি

সামর্থ্য ভিত্তিক পাঠ-একক বিশ্লেষণ

পাঠ একক ঃ উচ্চতা ও অক্ষাংশ সাপেক্ষে বায়ুর উষ্ণতার পরিবর্তন

শ্রেণি — সপ্তম

বিষয় - ভূগোল/বিষয় শাখা - প্রাকৃতিক ভূগোল/

একক - উচ্চতা ও অক্ষাংশ সাপেক্ষ বায়ুর উষ্ণতার পরিবর্তন পিরিয়ড — ৩

উপ একক	পিরিয়ড সংখ্যা	পূর্বার্জিত শিখন সামর্থ্য	কাম্য শিখন সামর্থ্য			
			জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক
(ক) উষ্ণতার পরিবর্তনে অক্ষাংশের প্রভাব। (খ) উষ্ণতার পরিবর্তনে উচ্চতার প্রভাব।	২ + ১ = ৩	বায়ুমন্ডলে তাপের উষ্ণতার ধারণা আছে। উষ্ণতা মাপার ধারণা আছে। ভূ-গোলকের ধারণা আছে। গুরুত্বপূর্ণ অক্ষরেখার ধারণা আছে।	পৃথিবীর গোলীয় আকার স্মরণ করতে পারবে। ভূ-পৃষ্ঠে কাল্পনিক অক্ষরেখাগুলির বিন্যাস স্মরণ করতে পারবে। অক্ষাংশের তারতম্য অনুযায়ী উষ্ণতার তারতম্য স্মরণ করতে পারবে। ভূ-পৃষ্ঠ থেকে উচ্চতাভেদে উষ্ণতার তারতম্য ঘটে তা স্মরণ করতে পারবে।	(ক) উষ্ণতার পরিবর্তনে অক্ষাংশ ও উচ্চতার প্রভাব ব্যাখ্যা করতে পারবে। (খ) উষ্ণতার স্বাভাবিক হ্রাসের হার ও বৈপরীত্য, দুয়ের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে। (গ) সূর্যরশ্মির পতনকোণের তারতম্য ব্যাখ্যা করতে পারবে।	সূর্যরশ্মির পতনকোণ ও পৃথিবীর তাপমন্ডল ভাগের মধ্যে সম্পর্ক নির্ণয় করতে পারবে।	অক্ষাংশ ভেদে সূর্যরশ্মির আপতনকোণের চিত্র অঙ্কন করতে পারবে। একটি বৃত্তের মধ্যে তাপমন্ডল অঙ্কন করতে পারবে।

প্রশ্নপত্র

শ্রেণি — সপ্তম

মোট নম্বর — ২৫

অক্ষাংশ ও উচ্চতাভেদে উষ্ণতার তারতম্য

১। বন্ধনীস্থ সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ ঃ ৫×১=৫

(ক) প্রদত্ত অক্ষাংশগুলির মধ্যে যেটির উপর সূর্য বছরে দুইদিন লম্বভাবে কিরণ দেয় সেটি (২২$\frac{১}{২}$° উঃ / ২৪° উঃ / ৬৬° দঃ / ০°) অক্ষাংশ।

(খ) বৈপরিত্য উত্তাপের ক্ষেত্রে উচ্চতা বৃদ্ধির কারণে বায়ুমন্ডলের উষ্ণতা কিরূপ পর্যায়ে পৌঁছায় ? (কমে /বাড়ে / একই থাকে / পর্যায়ক্রমে বাড়ে-কমে)

(গ) প্রতি ১০০০ মিটার উচ্চতা বৃদ্ধিতে বায়ুর চাপ কমার পরিমাণ (১ সেঃমিঃ/৭ সেঃমিঃ/ ১৪ সেঃমিঃ/২০ সেঃমিঃ)

(ঘ) ১° অক্ষাংশের স্থানগুলি থেকে ৮৯° অক্ষাংশস্থিত স্থানগুলির গড় উচ্চতা (কম হবে/বেশি হবে/সমান হবে/কম-বেশি দুইই হবে)

(ঙ) ২১ মার্চ বেলা বারোটায় নিরক্ষরেখার উপর অবস্থিত ৫ ফুট লম্বা একটা খাড়া লাঠির ছায়ার দৈর্ঘ্য ঠিক ঐ সময়ে সুমেরু বিন্দুতে একই মাপের আরেকটি লাঠির ছায়ার দৈর্ঘ্যের থেকে (বেশি হবে/কম হবে/সমান হবে/কম-বেশি দুইই হতে পারে)।

২। শূন্যস্থান পূরণ কর ঃ ৫×১=৫

(i) সমুদ্র পৃষ্ঠের কাছে বায়ুর চাপ ————————।

(ii) পৃথিবীর পরিক্রমণ গতির ফলে তার উত্তর গোলার্ধ যখন সূর্যের বেশি কাছে আসে তখন সেখানে ———————— কাল।

(iii) সাধারণত বায়ুমন্ডলের উষ্ণতা বাড়লে ————————চাপের সৃষ্টি হয়।

(iv) প্রতি ———————— মিটার উচ্চতা বৃদ্ধিতে ৬·৪° সেলসিয়াস হারে উষ্ণতা কমে।

(v) লম্বভাবে পতিত সূর্যরশ্মির তুলনায় তির্যকভাবে পতিত সূর্যরশ্মিতে উত্তাপের পরিমাণ ———————— হয়।

৩। সংক্ষিপ্ত আকারে উত্তর দাও ঃ ৩×৩=৯

(ক) পার্বত্য অঞ্চলে গ্রীষ্মকালেও গরম পোযাক পরতে হয় কেন ?

(খ) পার্বত্য অঞ্চলে উষ্ণতার বৈপরীত্য অবস্থা কি কারণে সংঘটিত হয় ?

(গ) নিরক্ষরেখার কাছাকাছি থাকা সত্ত্বেও আফ্রিকার কিলিমাঞ্জারো পর্বত শিখর চিরতুষরাবৃত কেন ?

৪। অক্ষাংশের তারতম্যের জন্য বায়ুর উষ্ণতার পরিবর্তন হয় কেন ? ৪

৫। পৃথিবীর রেখচিত্রে বিভিন্ন উষ্ণ তাপমন্ডলগুলির অবস্থান দেখাও। ২

একক মূল্যায়ন পত্রের খসড়া পরিকল্পনা

শ্রেণি — সপ্তম

বিষয় — ভূগোল/ একক — অক্ষাংশ ও উষ্ণতাভেদে বায়ুর উষ্ণতার তারতম্যের কারণ

উপএকক অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	নম্বর	শতকরা হিসাব
উষ্ণতার পরিবর্তনে অক্ষাংশের প্রভাব	১১	৪৪%
উষ্ণতার পরিবর্তনে উচ্চতার প্রভাব	১৪	৫৬%

সামর্থ্য অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোট
উষ্ণতার পরিবর্তনে অক্ষাংশের প্রভাব	২	৫	২	২	১১
উষ্ণতার পরিবর্তনে উচ্চতার প্রভাব	৩	৮	৩	—	১৪
মোট	৫	১৩	৫	২	২৫
শতকরা	(২০%)	(৫২%)	(২০%)	(৮%)	(১০০%)

প্রশ্নের ধরন অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	নৈর্ব্যক্তিক	অঃসঃ উত্তরধর্মী	সঃউঃ	রঃধঃ উত্তরধর্মী	মোট
১	৩	২	০	৬	১১
২	২	৩	৯	—	১৪

একক মূল্যায়ন পত্রের ত্রৈমাত্রিক ব্লু-প্রিন্ট

উপএককের বিবরণ	জ্ঞানমূলক				বোধমূলক				প্রয়োগমূলক				দক্ষতামূলক				মোট
	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	
১	২	—	—	—	—	১	—	৪	১	১	—	—	—	—	—	২	১১
২	১	২	—	—	১	১	৬	—	—	—	৩	—	—	—	—	—	১৪
মোট	৩	২	—	—	১	২	৬	৪	১	১	৩	—	—	—	—	২	২৫
শতকরা	২০%				৫২%				২০%				৮%				১০০%

সামর্থ্য ভিত্তিক পাঠ-একক বিশ্লেষণ

পিরিয়ড — ৮

পাঠ একক ঃ নদী উপত্যকার ক্রমবিকাশ ও ব-দ্বীপ

শ্রেণি — সপ্তম

বিষয় - ভূগোল/বিষয় শাখা - প্রাকৃতিক ভূগোল

উপ একক	পিরিয়ড সংখ্যা	পূর্বার্জিত শিখন সামর্থ্য	কাম্য শিখন সামর্থ্য			
			জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক
(ক) নদীর কাজ করার পদ্ধতি ও ক্ষমতা। আদর্শ নদী।	৫+৩ =৮	পশ্চিমবঙ্গের কয়েকটি নদীর নাম স্মরণ করতে পারেবে।	নদীর উৎস ও মোহনা এবং অববাহিকার সংজ্ঞা স্মরণ করতে পারবে।	নদীর জলপ্রবাহ ও গতিবেগের উপর তার ক্ষয়-ক্ষমতা, বহনক্ষমতা ও সঞ্চয়-ক্ষমতা নির্ভর করে তা ব্যাখ্যা করতে পারবে।	উচ্চ, মধ্য, নিম্নগতিতে সৃষ্ট ভূমিরূপগুলির মধ্যে সম্পর্ক নির্ণয় করতে পারবে।	জলপ্রপাত স্বাভাবিক বাঁধ ও প্লাবন-ভূমি ও ব-দ্বীপ, অশ্বক্ষুরাকৃতি হ্রদ অঙ্কন করতে পারবে।
(খ) নদী উপত্যকার ক্রমবিকাশ।		ভারতের কয়েকটি নদীর নাম স্মরণ করতে পারবে।	আদর্শ নদীর সংজ্ঞা স্মরণ করতে পারবে।			
(গ) ব-দ্বীপ		ছাত্রের বাসস্থানের নিকটবর্তী নদীর নাম স্মরণ করতে পারবে।	নদীর উচ্চ/মধ্য/নিম্ন গতিতে সৃষ্ট ভূমিরূপগুলির নাম স্মরণ করতে পারবে।	উচ্চগতি, মধ্যগতি, নিম্নগতিতে সৃষ্ট ভূমিরূপগুলির গঠনের কারণ ব্যাখ্যা করতে পারবে।		

শ্রেণি — সপ্তম

মোট নম্বর — ২৫

নদী উপত্যকার ক্রমবিকাশ

১। বন্ধনীস্থ সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ ঃ   ৫×১=৫

(ক) দুটি নদী মিলিত হলে তাদের মাঝখানের জমিকে বলে (দোয়াব/খাঁড়ি/মোহনা/সঙ্গম)।

(খ) মহাকাল পর্বতের অমরকন্টক শৃঙ্গ যে দুটি নদীর মধ্যবর্তী জলবিভাজিকা তা হল (গঙ্গা - যমুনা/শোন - নর্মদা/তাপ্তী - নর্দমা/চম্বল - শোন)।

(গ) যে নদীর গতিপথে জব্বলপুরে একটি জলপ্রপাত আছে তার নাম (মুসি / গোদাবরী / তাপ্তী / নর্মদা)।

(ঘ) সমভূমিতে নদীর স্রোতের বেগ কম, কারণ (নদীতে নুড়ি পাথর থাকে না / নদীতে বালিমাটি জমে / ভূমির ঢাল কমে যায় / নদীতে জলের পরিমাণ কমে যায়)।

(ঙ) গঙ্গা, দামোদর, লুনি ও তিস্তা নদীগুলির মধ্যে আদর্শ নদী হল (গঙ্গা / দামোদর / লুনি / তিস্তা)।

২। শূন্যস্থান পূরণ কর ঃ   ৫×১=৫

(ক) প্লাবন ভূমি নদীর ———————— গতিতে দেখা যায়।

(খ) নিম্নগতিতে নদীর প্রধান কাজ ———————— ।

(গ) নদীর ———————— গতিকে জলবিদ্যুৎ উৎপাদনের কাজে লাগানো যায়।

(ঘ) নদীর মূল স্রোত থেকে যে জলধারা ভিন্ন পথে বয়ে গিয়ে হ্রদে বা সমুদ্রে পড়ে তাকে মূল নদীর ———————— বলে।

(ঙ) পার্বত্য প্রবাহে নদীগর্ভে জলের ঘূর্ণনে যে ছোট ছোট গর্ত সৃষ্টি হয় তাকে বলে ———————— ।

৩। সংক্ষিপ্ত আকারে উত্তর দাও ঃ   ৩×৩=৯

(ক) জলপ্রপাতের সৃষ্টি কিভাবে হয়?

(খ) নদীতে খরস্রোত পার্বত্য অঞ্চলে দেখা যায় কেন?

(গ) নদীর মিয়েন্ডারের সৃষ্টি কিভাবে হয়?

অথবা ক্যানিয়ন ও গিরিখাতের পার্থক্য কী?

৪। নদীর মোহনায় ব-দ্বীপ গঠনের অনুকূল অবস্থাগুলি লেখ।   ৪

৫। অশ্বক্ষুরাকৃতি হ্রদের বিভিন্ন পর্যায়গুলি এঁকে দেখাও।   ২

একক মূল্যায়ন পত্রের খসড়া পরিকল্পনা

শ্রেণি — সপ্তম

বিষয় — ভূগোল/ একক — নদী উপত্যকার ক্রমবিকাশ ও ব-দ্বীপ

উপএকক অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	নম্বর	শতকরা হিসাব
(ক) নদীর কাজ করার পদ্ধতি ও ক্ষমতা/আদর্শনদী	১২	৪৮%
(খ) নদী উপত্যকার ক্রমবিকাশ (উচ্চ / মধ্য / নিম্ন)	৯	৩৬%
(গ) ব-দ্বীপ	৪	১৬%

সামর্থ্য অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোট
(ক) নদীর কাজ করার পদ্ধতি ও ক্ষমতা/আদর্শ নদী	৪	৫	১	২	১২
(খ) নদী উপত্যকার ক্রমবিকাশ (উচ্চ/মধ্য/নিম্ন)	৪	২	৩	—	৯
(গ) ব-দ্বীপ	—	৪	—	—	৪
মোট	৮	১১	৪	২	২৫
শতকরা	৩২%	৪৪%	১৬%	৮%	১০০%

প্রশ্নের ধরন অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	নৈর্ব্যক্তিক	অঃসঃ উত্তরধর্মী	সঃউঃ	রঃধঃ উত্তরধর্মী	মোট
(ক) নদীর কাজ করার পদ্ধতি ও ক্ষমতা/আদর্শ নদী	১	৩	৬	২	১২
(খ) নদী উপত্যকার ক্রমবিকাশ (উচ্চ/মধ্য/নিম্ন)	৪	২	৩	—	৯
(গ) ব-দ্বীপ	—	—	—	৪	৪
মোট	৫	৫	৯	৬	২৫
শতকরা	২০%	২০%	৩৬%	২৪%	১০০%

একক মূল্যায়ন পত্রের ত্রৈমাত্রিক ব্লু-প্রিন্ট

উপএককের বিবরণ	জ্ঞানমূলক				বোধমূলক				প্রয়োগমূলক				দক্ষতামূলক				মোট
	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	
(ক) নদীর কাজ করার পদ্ধতি ও ক্ষমতা/ আদর্শ নদী	—	১	৩	—	১	১	৩	—	—	১	—	—	—	—	—	২	১২
(খ) নদী উপত্যকার ক্রমবিকাশ (উচ্চ/ মধ্য/ নিম্ন)	২	২	—	—	২	—	—	—	—	—	৩	—	—	—	—	—	৯
(গ) ব-দ্বীপ	—	—	—	—	—	—	—	৪	—	—	—	—	—	—	—	—	৪
মোট	২	৩	৩	—	৩	১	৩	৪	—	১	৩	—	—	—	—	২	২৫
শতকরা	৩২%				৪৪%				১৬%				৮%				১০০%

সামর্থ্য ভিত্তিক পাঠ-একক বিশ্লেষণ

পিরিয়ড — ৩

পাঠ একক ঃ নীল নদ অববাহিকা অঞ্চল

শ্রেণি — সপ্তম

বিষয় - ভূগোল/বিষয় শাখা - আঞ্চলিক ভূগোল/একক - নীলনদ অববাহিকা

উপ একক	পিরিয়ড সংখ্যা	পূর্বার্জিত শিখন সামর্থ্য	কাম্য শিখন সামর্থ্য			
			জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক
নীলনদ অববাহিকার ভৌগোলিক ও অর্থ-নৈতিক পরিবেশ	২+১ =৩	আফ্রিকায় নীলনদের অবস্থান ও গতিপথ সম্বন্ধে ধারণা আছে। নীলনদের তীরভূমি প্রাচীন সভ্যতার লীলাভূমি-এ ধারণা বর্তমান।	নীলনদের উৎস, মোহনা, দৈর্ঘ্য, উপনদী, খরস্রোত, গতিপথ স্মরণ করতে পারবে। নীলনদ যে যে দেশগুলির ওপর দিয়ে প্রবাহিত তাদের নাম স্মরণ করতে পারবে। নীলনদ অববাহিকার জলবায়ু, স্বাভাবিক উদ্ভিদ স্মরণ করতে পারবে। জলসেচ ও বহুমুখী পরিকল্পনা। কৃষিকাজ, পশুপালন, পরিবহন শিল্প, বন্দর শহর সম্বন্ধে স্মরণ করতে পারবে। নীলনদের বন্যার অপরিহার্যতা স্মরণ করতে পারবে।	নীলনদের ভৌগোলিক অবস্থান তার অর্থনৈতিক বিকাশে কিভাবে প্রভাব বিস্তার করেছে তার ব্যাখ্যা করতে পারবে। নীলনদ অববাহিকার কৃষিকাজের ক্ষেত্রে জলসেচ ও বহুমুখী নদী পরিকল্পনার অপরিহার্যতা — ব্যাখ্যা করতে পারবে। নীলনদ অববাহিকার ব-দ্বীপ অঞ্চলে লোকবসতির ঘনত্ব ব্যাখ্যা করতে পারবে।	সুদান ও মিশরে নানারকমের পশু পালনের আধিক্য বিশ্লেষণ করতে পারবে। নীলনদ অববাহিকার প্রাকৃতিক পরিবেশ কিভাবে অর্থনৈতিক পরিবেশকে প্রভাবিত করছে তা বিশ্লেষণ করতে পারবে, যেমন ধাতব খনিজের অভাবের জন্য কৃষিভিত্তিক শিল্প গড়ে উঠেছে (বস্ত্র বয়ন/ চিনিকল/ সিগারেট/ কারখানা/ বনস্পতি শিল্প)।	নীলনদ অববাহিকার চিত্র অঙ্কন করতে পারবে।

প্রশ্নপত্র

শ্রেণি — সপ্তম

মোট নম্বর — ২৫

নীলনদ অববাহিকা

১। বন্ধনীস্থ সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ ঃ ৩×১=৩

(i) আফ্রিকার দীর্ঘতম নদী (ক) জাম্বেসি (খ) নীল (গ) কঙ্গো (ঘ) নাইজার।

(ii) নীলনদ অববাহিকার প্রধান বন্দর
(ক) আলেকজান্দ্রিয়া (খ) কায়রো (গ) সুদান (ঘ) খার্তুম।

(iii) নীলনদের উৎস অঞ্চলে প্রধানত যে জলবায়ু দেখা যায় তা হল
(ক) মৌসুমী (খ) উষ্ণমরু (গ) ভূমধ্যসাগরীয় (ঘ) নিরক্ষীয়।

২। শূন্যস্থান পূরণ কর ঃ ৩×১=৩

(ক) ———— কে নীলনদের দান বলা হয়।

(খ) হোয়াইট নীল ———— হ্রদ থেকে উৎপন্ন হয়েছে।

(গ) মিশরের দীর্ঘ আঁশযুক্ত ———— পৃথিবী বিখ্যাত।

৩। একটি সম্পূর্ণ বাক্যে উত্তর লেখ ঃ ৪×১=৪

(ক) নীলনদ কোন সাগরে পড়েছে?

(খ) কোন্ দুটি নদীর মিলিত প্রবাহের নাম নীলনদ?

(গ) নীলনদ কোন্ অংশে মরুভূমির মধ্য দিয়ে প্রবাহিত?

(ঘ) সুদানের রাজধানীর নাম কি?

৪। চার-পাঁচটি বাক্যে উত্তর দাও ঃ ৩×৩=৯

(i) 'মিশরকে নীলনদের দান' বলার কারণ কি?

(ii) নীলনদ অববাহিকায় কেন বস্ত্রবয়ন শিল্প ও চিনি শিল্প গড়ে উঠেছে?

(iii) নীলনদ অববাহিকার ব-দ্বীপ অঞ্চলে ঘনবসতির কারণ কি?

৫। নীলনদ অববাহিকায় কৃষিকার্যে জলসেচের ব্যবহারের কারণ বিশ্লেষণ কর। ৪

৬। চিত্রের মাধ্যমে নীলনদের উৎসস্থল ও পতনস্থল দেখাও ২

একক মূল্যায়ন পত্রের খসড়া পরিকল্পনা

শ্রেণি — সপ্তম

বিষয় — ভূগোল/ একক — নীলনদ অববাহিকা

উপএকক অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	নম্বর	শতকরা হিসাব
(ক) নীলনদের অববাহিকা	২৫	১০০%

সামর্থ্য অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোট
(ক) নীলনদের অববাহিকা	৩৬%	৪০%	১৬%	৮%	১০০%

প্রশ্নের ধরন অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	নৈর্ব্যক্তিক	অঃসঃ উত্তরধর্মী	সঃউঃ	রঃধঃ উত্তরধর্মী	মোট
(ক)	৬	৬	৯	৪	
মোট	৬	৬	৯	৪	২৫
শতকরা	২৪%	২৪%	৩৬%	১৬%	১০০%

একক মূল্যায়ন পত্রের ত্রৈমাত্রিক ব্লু-প্রিন্ট

উপএককের বিবরণ	জ্ঞানমূলক ৩৬%				বোধমূলক ৪০%				প্রয়োগমূলক ১৬%				দক্ষতামূলক ০৪%				মোট
	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	
(ক)	৬	৩	—	—	—	১	৯	—	—	—	—	৪	—	২	—	—	২৫
	৬টি	৩টি				১টি	৩টি					১টি		১টি			১৫টি প্রশ্ন
মোট		৯					১০					৪		২			২৫
শতকরা	৩৬%				৪০%				১৬%				৮%				১০০%

পর্বভিত্তিক বাৎসরিক পাঠ পরিকল্পনা

বিষয় — ভূগোল

শ্রেণি — অষ্টম

মোট পিরিয়ড — ৩৫

প্রথম পর্ব ঃ মে মাস থেকে আগস্ট মাস — ৬৭ দিন।

	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড
1.1পৃথিবীর অভ্যন্তর, ভূ-ত্বক ও শিলা	পৃথিবীর অভ্যন্তরভাগ, কেন্দ্র মন্ডল এবং গুরুমন্ডল।	১	
	ভূ-ত্বক ও বিভিন্ন বিযুক্তি রেখা।	১	
	শিলা, আগ্নেয় শিলা,	১	
	পাললিক শিলা ও রূপান্তরিত শিলা।	১	৪ } ৬
	মূল্যায়ন	১	
	সংশোধনী পাঠ	১	২
1.2 চাপ বলয় ও নিয়ত বায়ু প্রবাহ	চাপবলয়,	১	
	আয়ন বায়ু,	১	
	পশ্চিমা বায়ু,	১	
	মেরু বায়ু।	১	
	বায়ুচাপ বলয় ও নিয়ত বায়ুর স্থান পরিবর্তন।	১	৫ } ৭
	মূল্যায়ন	১	
	সংশোধনী পাঠ	১	২

প্রথম পর্ব ঃ মে মাস থেকে আগস্ট মাস

	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড
2.1 ইউরোপ 2.1.1	অবস্থান ও ভৌগোলিক গুরুত্ব। ইউরোপের অবস্থান ও পরিচয় এবং ভৌগোলিক গুরুত্ব।	১	১
	মূল্যায়ন ও সংশোধনী পাঠ	১	১ } ২
2.1.2 ইউরোপের প্রাকৃতিক পরিবেশ	ইউরোপের ভূ-প্রকৃতি।	২	
	ইউরোপের নদনদী।	২	
	ইউরোপের জলবায়ু।	২	
	ইউরোপের স্বাভাবিক উদ্ভিদ।	২	৮
	মূল্যায়ন	১	
	সংশোধনী পাঠ	১	২ } ১০
2.1.3 ইউরোপের বিশেষ অঞ্চল	লন্ডন উপত্যকা।	২	
	রূঢ় শিল্পাঞ্চল।	২	
	পোল্ডার ল্যান্ড।	২	
	ইউক্রেন।	২	৮
	মূল্যায়ন	১	
	সংশোধনী পাঠ	১	২ } ১০
			মোট ৩৫

দ্বিতীয় পর্ব ঃ সেপ্টেম্বর মাস থেকে ডিসেম্বর মাস — ৩১টা ভূগোল পিরিয়ড

	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড
1.3 কয়েকটি গুরুত্বপূর্ণ জলবায়ু	ক্রান্তীয় মৌসুমী প্রকৃতির জলবায়ু	২	
	ভূমধ্যসাগরীয় জলবায়ু	২	
	তুন্দ্রা জলবায়ু	২	৬
	মূল্যায়ন	১	৮
	সংশোধনী পাঠ	১	২
1.4 পরিবেশ	পরিবেশের সূচনা ও সংজ্ঞা	১	
	প্রাকৃতিক পরিবেশ	১	
	সাংস্কৃতিক পরিবেশ	১	৩
	মূল্যায়ন	১	৫
	সংশোধনী পাঠ	১	২
2.2 উত্তর আমেরিকা 2.2.1	উত্তর আমেরিকার অবস্থান, আয়তন ও ভৌগোলিক গুরুত্ব	১	১
			২
	মূল্যায়ন ও সংশোধনী পাঠ	১	১
2.2.2 উত্তর আমেরিকার প্রাকৃতিক পরিবেশ	ভূ-প্রকৃতি	২	
	নদনদী	২	
	জলবায়ু	২	
	স্বাভাবিক উদ্ভিদ	২	৮
	মূল্যায়ন	১	১০
	সংশোধনী পাঠ	১	২

	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড
2.2.3 **বিশেষ অঞ্চল**	কানাডীয় শিল্ড।	২	৪ } ৬
	হ্রদ অঞ্চল।	২	
	মূল্যায়ন	১	২
	সংশোধনী পাঠ	১	
			মোট ৩১

	উপএকক	পিরিয়ড সংখ্যা	মোট পিরিয়ড
2.3	**ওশিয়ানিয়া মহাদেশ**		
2.3.1	অবস্থান ও ভৌগোলিক গুরুত্ব।	১	
	আঞ্চলিক বিভাগীয়করণ।	১	২
	মূল্যায়ন	১	১ (মোট ৩)
2.3.2	**ওশিয়ানিয়া মহাদেশের প্রাকৃতিক পরিবেশ**		
	ভূ-প্রকৃতি,	৩	
	নদনদী ও হ্রদ,	১	
	জলবায়ু,	১	
	স্বাভাবিক উদ্ভিদ।	১	৬
	মূল্যায়ন	১	
	সংশোধনী পাঠ	১	২ (মোট ৮)
2.3.3	**ওশিয়ানিয়া মহাদেশের বিশেষ অঞ্চল**		
	মারে ডার্লিং অববাহিকা।	২	২
	মূল্যায়ন	১	১ (মোট ৩)
2.4	**আন্টার্কটিকা**		
	অবস্থান ও প্রাকৃতিক পরিবেশ এবং	২	
	গুরুত্ব	১	৩
	মূল্যায়ন	১	১ (মোট ৪)
			মোট ১৮

সামর্থ্য ভিত্তিক পাঠ-একক বিশ্লেষণ

পাঠ একক ঃ ভূগর্ভ ও ভূত্বক পিরিয়ড-২

শ্রেণি — অষ্টম

বিষয় - ভূগোল/বিষয় শাখা - প্রাকৃতিক ভূগোল

একক - পৃথিবীর অভ্যন্তর, ভূ-ত্বক, শিলা ও খনিজ

উপ একক	পিরিয়ড সংখ্যা	পূর্বার্জিত শিখন সামর্থ্য	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক
ভূ গর্ভ বা পৃথিবীর অভ্যন্তর।	২	পৃথিবীর জন্মকালীন অবস্থা সম্পর্কে ধারণা আছে। মাধ্যাকর্ষণ শক্তির কথা জানা আছে। বিভিন্ন খনিজ পদার্থের কথা জানা আছে।	পৃথিবীর অভ্যন্তরীণ প্রধান তিনটি স্তর যথাক্রমে কেন্দ্রমন্ডল, গুরুমন্ডল এবং ভূত্বকের কথা স্মরণ করতে পারবে। এই তিনটি স্তরের উষ্ণতা, গভীরতা, আপেক্ষিক গুরুত্বের কথা স্মরণ করতে পারবে। এই স্তর তিনটির উপাদান ও তাদের অবস্থার কথা স্মরণ করবে।	ভারী পদার্থগুলি পৃথিবীর কেন্দ্রে এবং হালকা উপাদানগুলি ওপরে ভেসে থাকার কারণ ব্যাখ্যা করতে পারবে।		চিত্রে পৃথিবীর অভ্যন্তরের বিভিন্ন স্তরগুলিকে নির্দেশ করতে পারবে।
কেন্দ্রমন্ডল।			কেন্দ্রমন্ডলের দুটি উপবিভাগ যথা অন্তঃকেন্দ্রমন্ডল ও বহিঃকেন্দ্র	কেন্দ্রমন্ডলে তাপ এবং চাপের প্রাবল্যে পদার্থগুলির		

উপ একক	পিরিয়ড সংখ্যা	পূর্বার্জিত শিখন সামর্থ্য	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক
			মন্ডলের অবস্থা স্মরণ করতে পারবে।	অবস্থার কথা বিশ্লেষণ করতে পারবে। কেন্দ্রমন্ডল পৃথিবীর চুম্বক শক্তির উৎস হওয়ার কারণ বিশ্লেষণ করতে পারবে।		
ম্যান্টল বা গুরুমন্ডল			ম্যান্টল বা গুরুমন্ডলের উপাদান এবং এর আপেক্ষিক গুরুত্ব, উষ্ণতা স্মরণ করবে। গুরুমন্ডলের অন্তর্গত অন্তঃগুরুমন্ডল (নিফেসিমা) বহিঃগুরুমন্ডল (ক্রোফেসিমা) এবং এদের উপাদান ও গভীরতা স্মরণ করতে পারবে।	অ্যাসথেনোস্ফিয়ারের গুরুত্ব বিবেচনা করতে পারবে।	শিলামণ্ডলের দুটি ভাগের নাম এমন হওয়ার কারণ নির্ধারণ করতে পারবে।	
ভূত্বক বা অশ্মমন্ডল			ভূত্বকের সংজ্ঞা স্মরণ করতে পারবে।	সিয়াল বা মহাদেশীয় ভূত্বকের এবং সিমা বা সামুদ্রিক ত্বকের বৈশিষ্ট্য বিশ্লেষণ করতে পারবে।		

উপ একক	পিরিয়ড সংখ্যা	পূর্বার্জিত শিখন সামর্থ্য	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক
			ভূত্বকের গভীরতা, পদার্থের আপেক্ষিক গুরুত্ব, উষ্ণতা ইত্যাদি স্মরণ করতে পারবে। ভূত্বকের দুটি উপরিভাগ যথা সিয়াল ও সিমা স্মরণ করতে পারবে। এতে কী কী পদার্থ আছে তা জানবে।		মহাদেশীয় পাতগুলি যে মহাসাগরীয় পাতের উপর ভাসমান তার সত্যতা নির্ণয় করতে পারবে।	
পৃথিবীর অভ্যন্তরে বিভিন্ন স্তরের বিযুক্তিরেখা বা বিযুক্তি তল			গুটেনবার্গ বিযুক্তিরেখা, মোহোরোভিসিক বিযুক্তিরেখা ও কনরাড বিযুক্তিরেখার অবস্থান স্মরণ করতে পারবে।			বিভিন্ন বিযুক্তিরেখা অঙ্কন করতে পারবে।

সামর্থ্য অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোট
ভূগর্ভ বা পৃথিবীর অভ্যন্তর	৯	১০	৩	৩	২৫
শতকরা হিসাব	৩৬%	৪০%	১২%	১২%	১০০%

প্রশ্নের ধরন অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	নৈর্ব্যক্তিক	অঃসঃ উত্তরধর্মী	সঃউঃ	রঃধঃ উত্তরধর্মী	মোট
ভূগর্ভ বা পৃথিবীর অভ্যন্তর	৬	৬	৯	৪	২৫
শতকরা হিসাবে	২৪%	২৪%	৩৬%	১৬%	১০০%
সময়	৬মি.	৯মি.	১৫মি.	৫মি.	৩৫ মি.

একটি মূল্যায়ন পত্রের ত্রৈমাত্রিক ব্লু-প্রিন্ট

উপএককের বিবরণ	জ্ঞানমূলক				বোধমূলক				প্রয়োগমূলক				দক্ষতামূলক				মোট
	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	
ভূগর্ভ বা পৃথিবীর অভ্যন্তর	৫ (৫)	—	—	৪ (২)	১ (১)	৩ (৩)	৬ (২)	—	—	—	৩ (১)	—	—	৩ (৩)	—	—	২৫
মোট			৯				১০				৩			৩			২৫
শতকরা	৩৬%				৪০%				১২%				১২%				১০০%

একক মূল্যায়ন পত্র

শ্রেণি — অষ্টম, বিষয় — ভূগোল

উপএকক : ভূ-গর্ভ বা পৃথিবীর অভ্যন্তর

মোট নম্বর — ২৫, সময় : ৩৫ মিনিট

১। পৃথিবীর অভ্যন্তরের গুরুমন্ডলের সংক্ষিপ্ত বিবরণ দাও। ৪

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও। ৩×৩=৯

(ক) পৃথিবীর জন্মলগ্নে পদার্থগুলি ওজন অনুযায়ী সজ্জিত হয়েছে — এটা তুমি কীভাবে প্রমাণ করবে ?

(খ) অগ্ন্যুৎগমের সময় তরল পদার্থ উঠে আসে কেন ?

(গ) সিয়াল স্তর সিমাস্তরের ওপরে কেন ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ ৩×১=৩

(ক) অন্তঃ কেন্দ্রমন্ডলের পদার্থসমূহ কঠিন অবস্থায় আছে কেন ?

(খ) ভূত্বকের আপেক্ষিক গুরুত্ব কম কেন ?

(গ) সিমাস্তরের ঘনত্ব বেশী কেন ?

৪। চিত্র অঙ্কন করে পৃথিবীর অভ্যন্তরের স্তরবিন্যাস নির্দেশ কর। ৩

৫। ✓চিহ্নের সাহায্যে সঠিক উত্তর নির্বাচন কর — ৬×১=৬

(ক) কেন্দ্র মন্ডলের কেন্দ্রের উষ্ণতা প্রায়
৭০০০° সেলসিয়াস/ ১০০০° সেলসিয়াস/৩২° সেলসিয়াস/ ০° সেলসিয়াস

(খ) পৃথিবীর চুম্বক শক্তির উৎস হল
বায়ুমন্ডল/ কেন্দ্রমন্ডল/ গুরুমন্ডল/ অশ্বমন্ডল।

(গ) প্রধানত নিকেল ও লোহা দ্বারা গঠিত বলে কেন্দ্রমন্ডলকে বলা হয়
ক্রোফে/ নিফে/ সিমা/ সিয়াল

(ঘ) কেন্দ্রমন্ডলের গভীরতা পৃথিবীর কেন্দ্র থেকে ওপরের দিকে প্রায়
৫০০০ কি.মি./ ৩৪৩০ কি.মি. / ২৯০০ কি.মি./ ১০ কি.মি.।

(ঙ) সামুদ্রিক ভূত্বক গঠনে যে শিলা স্তরের প্রাধান্য সেটি হল
সিয়াল স্তর / সিমা স্তর/ নিফে স্তর/ ক্রোফে স্তর

(চ) সিয়াল ও সিমা যে সীমারেখার দ্বারা পরস্পর আলাদা হয়েছে সেটি হল
গুটেনবার্গ বিযুক্তিরেখা/ আইসবার্গ বিযুক্তিরেখা/ মোহোরোভিসিক বিযুক্তিরেখা/ কনরাড বিযুক্তিরেখা

সামর্থ্য ভিত্তিক পাঠ-একক বিশ্লেষণ

পিরিয়ড — ২

শ্রেণি — অষ্টম

বিষয় শাখা — প্রাকৃতিক ভূগোল/ পাঠ একক — কয়েকটি গুরুত্বপূর্ণ জলবায়ু অঞ্চল

উপ একক	পিরিয়ড সংখ্যা	পূর্বার্জিত শিখন সামর্থ্য	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক
ক্রান্তীয় মৌসুমী জলবায়ু মৌসুমী জলবায়ু অঞ্চলের অক্ষাংশ দেশের নাম। উদ্ভিদ ও জীবজন্তুর নাম।	২	আবহাওয়া ও জলবায়ুর সংজ্ঞা, আবহাওয়া ও জলবায়ুর মধ্যে পার্থক্য, উপাদানসমূহ, যথা ঃ বায়ুর উষ্ণতা, বায়ুর চাপ, বায়ুপ্রবাহ, আর্দ্রতা, মেঘ, বৃষ্টিপাত প্রভৃতি জানা আছে। পশ্চিমবঙ্গের মৌসুমী জলবায়ু ও ঋতু পরিবর্তন জানা আছে। ঋতুভেদে ভিন্ন বায়ুপ্রবাহ অর্থাৎ বর্ষা ঋতুতে দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু ও	জলবায়ু অঞ্চলের সংজ্ঞা স্মরণ করতে পারবে। মৌসুমী জলবায়ু অঞ্চলের দেশগুলির অক্ষাংশ গত সীমা স্মরণ করতে পারবে। মৌসুমী জলবায়ুর অন্তর্গত দেশগুলির নাম স্মরণ করতে পারবে। এই জলবায়ুর বৈশিষ্ট্যসমূহের ধারণা জন্মাবে। মৌসুমী জলবায়ু অঞ্চলের স্বাভাবিক উদ্ভিদ ও	মৌসুমী জলবায়ু অঞ্চলের দেশগুলির মধ্যে জলবায়ুর উপাদান সমূহের সাদৃশ্য ব্যাখ্যা করতে পারবে।	বর্ষা ঋতুতে দক্ষিণ-পশ্চিম দিক থেকে আগত বৃষ্টির ছাঁট থেকে রক্ষা পেতে বাড়ির সেই দিকের দরজা ও জানালা বন্ধ রাখতে পারবে।	মানচিত্রে মৌসুমী জলবায়ুর দেশগুলির অবস্থান অঙ্কন করতে পারবে।

সামর্থ্য ভিত্তিক পাঠ-একক বিশ্লেষণ

পিরিয়ড — ২

শ্রেণি — অষ্টম

বিষয় শাখা — প্রাকৃতিক ভূগোল/ পাঠ একক — কয়েকটি গুরুত্বপূর্ণ জলবায়ু অঞ্চল

উপ একক	পিরিয়ড সংখ্যা	পূর্বার্জিত শিখন সামর্থ্য	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক
খনিজ। কৃষি। শিল্প ও শিল্প কেন্দ্র। জনবসতি।		শীতকালে উত্তরপূর্ব মৌসুমী বায়ু প্রবাহের ধারণা আছে।	বনভূমির জীবজন্তুর নাম স্মরণ করবে। ক্রান্তীয় মৌসুমী অঞ্চলের খনিজগুলির নাম মনে করতে পারবে। মৌসুমী জলবায়ু অঞ্চলের কৃষিজ সম্পদ, পশুজাত দ্রব্যসমূহ স্মরণ করবে। মৌসুমী জলবায়ু অঞ্চলের বিভিন্ন শিল্প ও শিল্পোন্নত শহর ও অধিক জনবসতি শহরগুলিকে স্মরণ করতে পারবে।	মৌসুমী জলবায়ু অঞ্চলের কৃষির সমৃদ্ধির কারণগুলি বিশ্লেষণ করতে পারবে। মৌসুমী জলবায়ু অঞ্চলের লৌহ-ইস্পাত শিল্প, খনিজ তেল শোধনাগার, ইঞ্জিনিয়ারিং, শিল্প, পাট শিল্প, কার্পাস শিল্প, চিনি	শীতকালে শীতল উত্তুরে বাতাসের প্রকোপ থেকে রক্ষা পেতে উত্তর দিকের দরজা ও জানালা বন্ধ রাখতে পারবে। বৃষ্টির ছাঁটের দিক অনুযায়ী গ্রামের বাড়ির ছাদের ঢাল তৈরি করতে নির্দেশ দেবে।	

উপ একক	পিরিয়ড সংখ্যা	পূর্বার্জিত শিখন সামর্থ্য	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক
জীবিকা।				শিল্পের উন্নতির কারণগুলি বিশ্লেষণ করতে পারবে। মৌসুমী জলবায়ু অঞ্চল বিশ্বের সর্বাধিক ঘনবসতিপূর্ণ এলাকা হওয়ার কারণগুলি বিশ্লেষণ করতে পারবে। এই জলবায়ু অঞ্চলে অধিকাংশ লোকের জীবিকা কৃষি হওয়ার কারণ ব্যাখ্যা করতে পারবে।		

সামর্থ্য ভিত্তিক নম্বর বিভাজন

উপএককের বিবরণ	জ্ঞানমূলক	বোধমূলক	প্রয়োগমূলক	দক্ষতামূলক	মোট
ক্রান্তীয় মৌসুমী জলবায়ু	৭	১১	৪	৩	২৫
শতকরা হিসাব	২৮%	৪৪%	১৬%	১২%	১০০%

প্রশ্নের ধরন অনুসারে নম্বর বিভাজন

উপএককের বিবরণ	নৈর্ব্যক্তিক	অঃসঃ উত্তরধর্মী	সঃ উঃ	রঃ উত্তরধর্মী	মোট
ক্রান্তীয় মৌসুমী জলবায়ু	৬	৬	৯	৪	২৫
শতকরা হিসাবে	২৪%	২৪%	৩৬%	১৬%	১০০%
সময়	৬মি.	৯মি.	১৫মি.	৫মি.	৩৫মি.

রঃ = রচনাধর্মী বা দীর্ঘ উত্তরধর্মী প্রশ্ন।

সঃ উঃ = সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন।

অঃ সঃ উঃ = অতিসংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্ন।

নৈঃ = নৈর্ব্যক্তিক প্রশ্ন।

একটি মূল্যায়ন পত্রের ত্রৈমাসিক ব্লু-প্রিন্ট

উপএককের বিবরণ	জ্ঞানমূলক				বোধমূলক				প্রয়োগমূলক				দক্ষতামূলক				মোট
	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	নৈ	অ.স.উ.	স.উ.	র.ধ.	
মৌসুমী জলবায়ু	২ (২)	১ (১)	—	৪ (১)	১ (১)	১ (১)	৯ (৩)	—	৩ (৩)	১ (১)	—	—	—	৩ (৩)	—	—	
মোট			৭			১১					৪				৩		২৫
শতকরা			২৮%			৪৪%					১৬%				১২%		১০০%

একক মূল্যায়ন পত্র

শ্রেণি — অষ্টম, বিষয় — ভূগোল

উপএকক ঃ মৌসুমী জলবায়ু

মোট নম্বর — ২৫, সময় ঃ ৩৫ মিনিট

১। মৌসুমী জলবায়ু অঞ্চলের প্রাকৃতিক পরিবেশ বর্ণনা কর। ৪

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও। ৩×৩=৯

(ক) মৌসুমী জলবায়ু অঞ্চলগুলি কৃষি সমৃদ্ধ কেন ?

(খ) মৌসুমী জলবায়ু অঞ্চলে প্রতিপালিত পশুজাত দ্রব্য যথেষ্ট পরিমাণে উৎপন্ন হয় কেন ?

(গ) মৌসুমী জলবায়ুর দেশগুলি ঘনবসতিপূর্ণ কেন ?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির অতিসংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৩=৩

(ক) 'মৌসুমী' কথাটির অর্থ কী ?

(খ) মৌসুমী জলবায়ু অঞ্চলে স্যাঁতসেঁতে ভাব কোন সময়ে হয় ?

(গ) মৌসুমী জলবায়ু অঞ্চলে বৃষ্টির সময় তুমি কোনদিকে জানালা বন্ধ রাখবে ?

৪। পৃথিবীর গোলীয় চিত্রে মৌসুমী জলবায়ু অঞ্চলগুলির স্থান নির্দেশ কর। ৩

৫। ✓চিহ্নের সাহায্যে সঠিক উত্তর নির্দেশ কর — ১×৬=৬

(ক) আমরা যে অঞ্চলে বাস করি তা
